



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৩-০২-২০২৫

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

(২৩-০২-২০২৫): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, দপ্তর প্রধান ও কর্মকর্তাদের নিয়ে গতকাল ও আজ রোববার দুইদিনব্যাপী 'ফাইল অ্যান্ড ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট অব ডিফারেন্ট অফিসেস' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এতে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। বিশ্ববিদ্যালয়ের ভার্স্যাল ক্লাস রুমে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল। রিসোর্স পার্সন হিসেবে কর্মশালা পরিচালনা করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক স্কুল এর উপ-রেজিস্ট্রার মো. আব্দুল্লাহ আল মামুন এবং অর্থ ও হিসাব অফিসের অবসরপ্রাপ্ত উপ-পরিচালক জি. এম. আনিসুর রহমান।

শনিবারের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, অফিস ব্যবস্থাপনায় আইন ও প্র্যাকটিস গুরুত্বপূর্ণ। যুগের সাথে তাল মিলিয়ে অফিস ব্যবস্থাপনা উন্নত হচ্ছে। সরকারি আইন তথা পিপি আর-৮ মেনে কেনাকাটা করতে হবে। ফাইলের আধুনিক কৌশল ও স্বচ্ছতার জন্য ডি নথি চালু হতে যাচ্ছে। আজকের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, চেয়ারের দায়িত্ব হল আইন দিয়ে সবকিছু পরিচালনা করা। আইন মেনে অফিস পরিচালনা করতে হবে। আইন সম্মুখ রেখে আমরা সবাই দায়িত্ব পালন করবো। সরকারি দায়িত্ব পালনে ব্যক্তিগত ইচ্ছা, অনিচ্ছা, রাগ-বিরাগের কোন সুযোগ নেই। ফাইল তৈরি করতে হবে ডকুমেন্টসসহ। একটা ফাইলে ইতিহাস থাকতে হবে। তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা সবাই তরুণ। তারুণ্যই পারে দেশ ও জাতিকে এগিয়ে নিতে। সকলের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে বলে তিনি প্রত্যাশা করেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা খুবই গুরুত্বপূর্ণ। মনে রাখতে হবে সরকারি অর্থ পাওয়ার চেয়ে ব্যয় করা কঠিন। আইন-কানুন জানলে অফিস পরিচালনা ও অর্থ ব্যয় করা কঠিন কিছু নয়। আইন জানার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। ই নথি চালু হলে অফিস ব্যবস্থাপনা উন্নত হওয়ার সঙ্গে সঙ্গে স্বচ্ছতা বাড়বে, সময় কমবে।

প্রথম দিনের কর্মশালায় ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও দপ্তর প্রধানরা এবং দ্বিতীয় দিনে বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা অংশগ্রহণ করেন। দুইদিনের অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা। আজ রোববারের উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য দেন রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. মো. আসফাকুর রহমান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

২৩-০২-২০২৫

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

অতিরিক্ত পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২

faruk_kantho@yahoo.com